# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### MORNING NEWS BULLETIN

**BENGALI**

**18 December 2025** **7:35 AM IST**

==========================================================================

শিলচর নরসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র পিযুষ দেব এবং মালুগ্রাম স্বরসতী বিদ্যানিকেতনের ছাত্রী দেবঞ্জলী ভট্টাচার্য্য সহ
উত্তর গৌহাটী বালিকা বিদ্যালয়ের ছাত্রী অর্পিতা দাস আগামী ২১শে ডিসেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সঙ্গে পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানের জন্য নির্বাচিত হয়েছে । উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২১ শে ডিসেম্বর গৌহাটীর নৌ পরিবহন টার্মিনেলে চরাইদেও জাহাজে ২৫-৩০ জন শিক্ষার্থীর সঙ্গে পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে মত বিনিময় করবেন ।

---

ন্যাশনেল ইনস্টিটিউট অফ টেকনোলজি ( এন আই টি ) শিলচরে গতকাল উদ্ভাবন , প্রযুক্তি ও যুব শক্তিকে একটি মঞ্চ প্রদান করার লক্ষ্যে টেকনোভেশন সামিটের আয়োজন করা হয় । এতে কাছাড় জেলার ১৩ টি বিদ্যালয়ের মোট ১৫৪ জন ছাত্র ছাত্রী অংশগ্রহণ করে তাঁদের উদ্ধাবন ও প্রযুক্তিবিদ্যা সংক্রান্ত প্রতিভা তুলে ধরে । এন আই টি শিলচরের উদ্যোগে এবং ইনস্টিটিউশনস ইনোভেশন কাউন্সিলের সহযোগীতায় আয়োজিত এই সম্মেলনে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে রাজ্যের

ক্রীড়া ও যুব কল্যাণ ,সংখ্যালঘু কল্যাণ ও উন্নয়ন মন্ত্রী নন্দিতা গার্লোসা ভবিষ্যতে প্রযুক্তিগত ও সামাজিক প্রত্যাহ্বানের সম্মুখীন হতে ছাত্র ছাত্রীদের বিজ্ঞানসম্মত চিন্তা ,সৃষ্টিশীলতা ও উদ্যমী মনোভাব গড়ে তোলা প্রয়োজন বলে উল্লেখ করেন ।

---

কাছাড়ের জেলা ও দায়রা জজের আদালত গতকাল আন্ত:রাজ্য ড্রাগ্স পাচারের সঙ্গে জড়িত থাকার অপরাধে মণিপুরের জনৈক মহিলাকে এন ডি পি এস আইনের অধীনে ১০ বছরের সশ্রম কারাদন্ড সহ এক লক্ষ টাকা জরিমানা করেছে । জরিমানা শোধ করতে না পারলে আরো অতিরিক্ত ছ’মাসের কারাদণ্ড ধার্য করা হয়েছে ।  বিশেষ বিচারপতি বিপ্রজীত রায়ের বিচারপীঠ এই রায় ঘোষণা করে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে দোষী সাব্যস্ত হওয়া মহিলা নাইভুং কুকি , মণিপুরের চূড়াচাঁন্দপুর জেলার লামকা থানার অর্ন্তগত ছাইকুলপি গ্রামের বাসিন্দা । উল্লেখ্য- গতবছরের ১৯শে মার্চ কাছাড় জেলার আসাম-মণিপুর সীমান্তের লক্ষীপুরের ফুলেরতল ফেরীঘাট থেকে নেশাযুক্ত সামগ্রী সহ এই মহিলাকে গ্রেপ্তার করা হয়েছিল । পুলিশ মহিলার সঙ্গে থাকা দুটি ব্যাগ থেকে ১৫ কিলো তিনশ ৪১ গ্রাম ওজনের গাঁজা বাজেয়াপ্ত করে।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আসন্ন বর্ষার মরশুমের প্রাক্কালে বন্যা ও জমাজলের সম্ভাব্য সমস্যা প্রতিরোধে রাঙ্গিরখালের স্বাভাবিক জলপ্রবাহে বাধা সৃষ্টি করছে এমন সব অনুমোদনহীন ও বেআইনী নির্মাণ অবিলম্বে অপসারণের জন্য কড়া নির্দেশ জারী করা হয়েছে । জেলার জল সম্পদ বিভাগের পেশ করা প্রতিবেদনে মহিষাবিল পয়েন্ট থেকে সানলিট হাসপাতাল পর্যন্ত রাঙ্গিরখালের বিভিন্ন অংশে নির্মিত বেআইনী ঘর, বাঁশের

সেতু , সংশ্লিষ্ট কাঠামো চিহ্নিত করা হয়েছে , যা খালের স্বাভাবিক জল প্রবাহে বাধা সৃষ্টি করছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব দূর্যোগ ব্যবস্থাপনা আইন-২০০৫ এর অধীনে আগামী দশ দিনের মধ্যে সব বেআইনী দখল, নির্মাণ সরিয়ে নেবার নির্দেশ দিয়েছেন । এই নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং সীমান্ত সুরক্ষা বাহিনী , স্বেচ্ছাসেবী সংস্থা পাটকাই ট্রেকার্স ও বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের সহযোগীতায় আজ  সিপাহী বিদ্রোহের স্মৃতি বিজড়িত মালেগড় টিলায় শহীদ দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে আজ সকাল ১০টায় মালেগড় টিলার শহীদ বেদীতে পুষ্পার্ঘ অর্পন , ১৬৪টি প্রদীপ প্রজ্বোলন এবং বি এস এফ জওয়ানদের পক্ষ থেকে গার্ড অফ অনার প্রদর্শন করা হবে । এরপর সর্বধর্ম প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে । পরে সিপাহী বিদ্রোহের ইতিহাস ও এর প্রেক্ষাপটে মালেগড় টিলার ইতিহাস নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে ।

---

রাজ্যের খাদ্য ,গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের নির্দেশে শ্রীভূমি জেলায় গমের মজুত নিয়ন্ত্রনে নতুন সীমা নির্ধারণ করা হয়েছে । জেলা আয়ুক্তের জারী করা এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে বাজার নিয়ন্ত্রণ এবং গমের দাম স্থিতিশীল রাখার লক্ষ্যে বিভিন্ন পর্যায়ের ব্যবসায়ীদের জন্য মজুত সীমা কার্যকর করা হয়েছে । সেই অনুসারে খুচরা বিক্রেতা সর্বোচ্চ ১০ মেট্রিক টন এবং পাইকারী বিক্রেতা সর্বোচ্চ তিন হাজার মেট্রিক টন মজুত করতে পারবে । পাশাপাশি বিগ চেইন রিটেইলার প্রতিটি আউটলেটের জন্য ১০ মেট্রিক টন এবং সমস্ত আউটলেট মিলিয়ে মোট তিন হাজার মেট্রিক টন

গম মজুত করতে পারবে । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে , যে সব ব্যবসায়ীর কাছে  নির্ধারিত সীমার অতিরিক্ত মজুত রয়েছে , তাদের এই নোটিশ জারীর ১৫ দিনের মধ্যে অতিরিক্ত মজুত কমিয়ে নিয়ম মেনে বিন্যাস করতে বলা হয়েছে ।  সব গম মজুতকারী সংস্থাকে সরকারী গম স্টক পোর্টালে বাধ্যতামূলকভাবে নিবন্ধীকরন করতে বলা হয়েছে । নির্দেশ অমান্য করলে অত্যাবশ্যকীয় পণ্য আইন-১৯৫৫ অনুযায়ী আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সর্তক করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলা নাথ মিশন সংস্থার ব্যবস্থাপনায় গতকাল শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে নাথ সাহিত্য ও সংস্কৃতির এক দিবসীয় সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । সাহিত্য আলোচনায় মীননাথ, গোরক্ষনাথ, ময়নামতি প্রমুখের কাহিনী ও যোগ সাধনার বিভিন্ন ধারা সহ নাথ ধর্মের গভীর দর্শন ও সামাজিক প্রভাব নিয়ে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কেন্দ্রীয় কমিটির সদস্য ডক্টর রাধিকা রঞ্জন চক্রবর্তী , অধ্যাপিকা তনুশ্রী ঘোষ ,সাংবাদিক মিহির দেবনাথ , নাথ যোগী উন্নয়ন পরিষদের সহ-সভাপতি বিপ্লব নাথ প্রমুখ বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলার কাটলিছড়ার বরুনছড়ার বাসিন্দা নিলন্ত রায়ের খুনের সঙ্গে যুক্ত অভিযোগে আটক নৃপেশ নমশূদ্রকে গতকাল আদালতে পেশ করা হলে , অভীযুক্তকে দু দিনের পুলিশ রিমান্ডে পাঠানো হয়েছে ।

উল্লেখ্য হাইলাকান্দি জেলার বাঁশ ব্যবসায়ী নিলন্ত রায়ের মৃতদেহ আসাম-মিজোরাম সীমান্তবর্তী লক্ষীঘেনা এলাকার গভীর জঙ্গল থেকে গতকাল

মঙ্গলবার উদ্ধার করা হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে গত এক সপ্তাহ আগে ব্যবসায়ী নিলন্ত রায় বরুনছড়া সাপ্তাহিক বাজার থেকে নিখোঁজ হয়েছিলেন।